ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সকল পর্যায়ের গাড়ি পরিচালনার বিষয়ে সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মীর খায়রুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ	: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ ।। ২৭ মার্চ ২০২৪ খ্রি:
সময়	: সকাল ১১.০০ ঘটিকায়
স্থান	: সম্মেলন কক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

১.০ প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (পরিবহন) বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গাড়ি ও যান যন্ত্রপাতি প্রকৌশল বিভাগের যান্ত্রিক সার্কেল, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ ও পরিবহন বিভাগের মাধ্যমে ভিন্নভিন্নভাবে পরিচালিত হয়ে থাকে। এর ফলে জ্বালানী ইস্যু, চালাকের দায়িত্বসহ বিভিন্ন সময় জটিলতার সৃষ্টি হয়। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনেক গাড়ি বিদ্যমান কিন্তু গাড়িগুলো যাতে সু-শৃঙ্খলভাবে পরিচালিত হয় সেজন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

জনাব আবুল হাসনাত মোঃ আশরাফুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যান্ত্রিক সার্কেল, ডিএনসিসি সভাকে জানান যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল প্রকার হালকা ও ভারী যান-যন্ত্রপাতির মেইনটেন্যান্স/মেরামত, পিরিয়ডিক সার্ভিসিংসহ সকল মেরামত সংক্রান্ত কার্যক্রম যান্ত্রিক সার্কেল কর্তৃক পরিচালিত হয়। এছাড়া বিধিবদ্ধ কোন নিয়ম/আদেশ না থাকায় পরিবহন বিভাগ, যান্ত্রিক সার্কেল, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ আলাদা আলাদা যানবাহন ও যানযন্ত্রপাতি ক্রয় করে থাকেন। তবে মেয়াদউত্তীর্ণ সকল গাড়ি/যানযন্ত্রপাতির নিলাম যান্ত্রিক বিভাগ কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। নির্দিষ্টভাবে স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি (SOP) না থাকায় যানবাহন পরিচালনায় শৃঙ্খলার ঘাটতি পরিলক্ষিত হচ্ছে। তবে টেবিল অব অর্গানাইজেশন এন্ড ইকুইপমেন্ট (TO & E) কর্পোরেশন সভায় অনুমোদিত হয়েছে, যা চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরও উল্লেখ করেন, ডিএনসিসি'র গাড়িসমূহ যত্রতত্র পার্কিং করা হয় বিধায় নিরাপদ পার্কিং এর জন্য একটি কেন্দ্রীয় মটর গ্যারেজ নির্মাণ করা একান্ত প্রয়োজন।

জনাব মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক, সচিব, ডিএনসিসি সভাকে জানান যে, গাড়ির টাইপ অনুযায়ী ড্রাইভার নির্ধারণ করা হয়। ভারী গাড়ি চালানোর জন্য ভারী লাইসেন্সধারী ড্রাইভারদের কাজে নিয়োজিত করা হয়। এছাড়া রাস্তায় বর্জ্যবাহী গাড়ী দ্বারা যেকোন অপ্রত্যাশিত দুর্ঘটনা ঘটলে তা সিটি কর্পোরেশনের উপর বিরূপ প্রভাব পড়ে। তাই গাড়ি চালানের ক্ষেত্রে ড্রাইভার পূর্বনির্ধারিত থাকতে হবে। চালকদের জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের ক্ষেত্রে পরিবহন বিভাগের নিয়ন্ত্রণে যত সংখ্যক গাড়ি পরিচালিত হয় তার বিপরীতে তত সংখ্যক গাড়ি-চালকের আবশ্যকীয়তা রয়েছে। তাছাড়া স্ট্যান্ডবাই যদি ১০/১২ জন চালক পরিবহন বিভাগে রাখা হয় তা হলে চালকদেরকে ভবিষ্যতে আরও বেশি করে জবাবদিহিতার মধ্যে রাখা যাবে।

জনাব ক্যাপ্টেন মোহাম্মদ ফিদা হাসান, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সভাকে জানান, বর্জ্য পরিবহন, অপসারণ, পরিচ্ছন্নতা এবং ল্যান্ডফিলে ব্যবহৃত বিশেষায়িত যান যন্ত্রপাতি যেমন জেট এন্ড সাকার মেশিন, রোড সুইপার, স্প্রে ক্যানন, চেইন এক্সকেভেটর ইত্যাদি বর্জ্য বিভাগ হতে ক্রয়, রক্ষণাবেক্ষণ এবং জ্বালানী ইস্যু করা হয়। বর্জ্য বিভাগের মাধ্যমে নিয়ন্ত্রিত বিশেষায়িত এসব যানবাহন বর্জ্য বিভাগের অধীনে রেখে পরিচালনা করাই যথাযুক্ত বলে মত প্রকাশ করেন।

জনাব মোঃ আবেদ আলী, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৪, ডিএনসিসি সভাকে জানান যে, গাড়ি ক্রয় করার পূর্বে নতুন গাড়ির সাথে নতুন করে ড্রাইভার নিয়োগের বিষয়টিও নিশ্চিত করা একান্ত জরুরী। এছাড়া ড্রাইভারদের জন্য ওভার টাইম এবং নির্ধারিত অঞ্চলের জন্য বরাদ্দকৃত গাড়ি স্ব স্ব অঞ্চলে রাখার ব্যবস্থা করতে হবে। জরুরী মুহূর্তে ব্যবহারের জন্য অতিরিক্ত একাধিক গাড়ি স্ট্যান্ডবাই রাখা প্রয়োজন। পাশাপাশি ড্রাইভারদের নিয়মিত ডোপটেস্ট এর মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে মতামত প্রকাশ করেন।

সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	সব ধরণের গাড়ির সামগ্রিক ব্যবস্থাপনা বিষয়ে পরিবহন বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ এবং প্রকৌশল বিভাগ মতামত প্রদান করবেন। পরিশিষ্ট-'খ' তে সংযোজিত Templete অনুযায়ী আগামী ১৫ কর্মদিবসের মধ্যে মতামত প্রদান করতে হবে।	পরিবহন বিভাগ বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ প্রকৌশল বিভাগ
২.	প্রাপ্ত মতামতের ভিত্তিতে সুপারিশ প্রণয়নের নিমিত্তে নিম্নবর্ণিত ০৫ (পাচঁ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা যেতে পারে: (ক) সচিব, ডিএনসিসি — সভাপতি (খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যান্ত্রিক সার্কেল, ডিএনসিসি — সদস্য (গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ডিএনসিসি — সদস্য (ঘ) ব্যবস্থাপক (পরিবহন বিভাগ), ডিএনসিসি — সদস্য (ঙ) মহা-ব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি — সদস্য-সচিব	সচিব, ডিএনসিসি

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৫/২০১৮

(মীর খায়রুল আলম)
(অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
ডিএনসিসি'র গাড়ি পরিচালনার বিষয়ে সমন্বয় সভা

স্মারক নং: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০২.২০১৭-৪০ তারিখ: ২৫/০৫/১৮

অনুলিপিঃ (পদ মর্যাদার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় প্রধান (সকল) ...., ডিএনসিসি।
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-............, ডিএনসিসি।
৩। মেয়র-এর একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএনসিসি।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যান্ত্রিক সার্কেল/বিদ্যুৎ সার্কেল, ডিএনসিসি।
৫। প্রকল্প পরিচালক (সকল)..
৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএনসিসি।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল)................................, ডিএনসিসি।
৮। সিস্টেম এনালিস্ট (আদেশটি ডিএনসিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ডিএনসিসি।
৯। ব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি।।
১০। জ্বালানী ইস্যুকারী সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব.., ডিএনসিসি।
১১। সচিবের ব্যক্তিগত সহকারী (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএনসিসি।
১২। অফিস কপি।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

পরিশিষ্ট-'খ'

বিভাগের নাম	:	
যান-যন্ত্রপাতি ও গাড়ির ধরণ	:	
গাড়ি ক্রয় কিভাবে হয়	:	
রক্ষণাবেক্ষণ/মেরামত কিভাবে হয়	:	
জ্বালানী ব্যয় ইস্যু ও ব্যয় নির্ধারণ কিভাবে হয়	:	
চালকের নিয়োগ, বদলি, দায়িত্ব বন্টন কিভাবে হয়	:	
যান-যন্ত্রপাতি ও গাড়ির পার্কিং ব্যবস্থাপনা কিভাবে হয়	:	
ব্যবস্থাপনা বিষয়ে বিভাগীয় প্রধানের মতামত	:	

বিভাগীয় প্রধানের স্বাক্ষর